গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৩-৮০২ তারিখঃ ২০ .১০.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ বজলুল গণি ভুঞা (৩০৩৯৬), সহকারী অধ্যাপক, ভাসকুলার সার্জারী, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১০.০৩.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৩-২৭৪নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

২০/১০/১�৪
(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ বজলুল গণি ভুঞা (৩০৩৯৬)
সহকারী অধ্যাপক (ভাসকুলার সার্জারী)
ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর। সংযুক্ত রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী
(স্থায়ী ঠিকানাঃ- বি-৩, আইপিএইচ অফিসার্স কোয়াটার, মহাখালী, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৩-৮০২/১(৪) তারিখঃ ২২/১০/২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
৩। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

২০/১০/১৪
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

F:\Nikas Document (Current-14)\Showcause\2nd showcase.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৫.২০১৪- ৮০২

তারিখঃ ২২.১০.২০১৪ খ্রিস্টাব্দ

**আদেশ**

যেহেতু, ডাঃ বেলায়েত হোসেন ঢালী (১১০০৩২), মেডিকেল অফিসার, শুভপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৮.০৮.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৫.২০১৪-৬৪০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১২.১০.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ১১.০৩.২০১৩ তারিখ হতে ৩১.০৭.২০১৪ তারিখ পর্যন্ত অসুস্থতাজনিত কারণে তিনি কর্মস্থলে অনুপস্থিত থেকে চিকিৎসকের চিকিৎসাধীন ছিলেন। সুস্থতালাভ করে গত ০২.০৮.২০১৪ তারিখ তিনি কর্মস্থলে যোগদান করেছেন। অসুস্থকালীন সময়ে তিনি যথানিয়মে তার স্থানীয় কর্তৃপক্ষকে প্রতিমাসে অসুস্থতার বিষয়টি অবহিত করেছিলেন। বর্তমানে তিনি কর্মস্থলে কর্মরত থেকে দায়িত্ব পালন করে আসছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ বেলায়েত হোসেন ঢালী (১১০০৩২), মেডিকেল অফিসার, শুভপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

২০/১০/১৪
(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৫.২০১৪- ৮০২/১(৯)

তারিখঃ ২২.১০.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী; ঢাকা
৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। সিভিল সার্জন, ফেনী
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। ডাঃ বেলায়েত হোসেন ঢালী (১১০০৩২), মেডিকেল অফিসার, শুভপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী

২২/১০/১৪
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nunos Document (Current-14)\Order (NI)\Minor Penalty.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৫.২০১৪-৮২৫ তারিখঃ ২২.১০.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ জাহিদুল ইসলাম (৩৮৪৯৭), জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিয়া), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৪.০৭.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৫.২০১৪-৫৮৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৪.০৯.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি থোরাসিক সার্জারী এ্যানেসথেসিয়া প্রদানে দক্ষতা অর্জন করেছেন। বক্ষব্যাধি হাসপাতালে এ্যানেসথেসিওলজিষ্ট এর সংকট থাকায় পরিচালক কর্তৃক তাঁকে বদলিকৃত পদে যোগদানের নিমিত্ত ছাড়পত্র প্রদান না করে নিয়মিতভাবে পূর্বের ন্যায় কাজ চালিয়ে যেতে নির্দেশ প্রদান করায় তিনি এ্যানেসথেসিয়া পদে দায়িত্ব পালন করে আসছেন। তাঁর সংযুক্তি বহাল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা মন্ত্রণালয়ে কয়েকবার পত্র প্রেরণ করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ জাহিদুল ইসলাম (৩৮৪৯৭), জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিয়া), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

ডাঃ মোঃ জাহিদুল ইসলাম (৩৮৪৯৭) ৩০.১০.২০১৪ তারিখের মধ্যে নতুন কর্মস্থল টুঙ্গিপাড়া, গোপালগঞ্জে যোগদান করবেন যদি ইতোমধ্যে ঐ জায়গায় অন্য কেহ যোগদান না করে থাকেন।

২২/১০/২০১৪
(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৫.২০১৪-৮২৫/১(৮) তারিখঃ ২২.১০.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। পরিচালক, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা
৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। ডাঃ মোঃ জাহিদুল ইসলাম (৩৮৪৯৭), জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিয়া), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা

২২/১০/২০১৪
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14)\Order (N1)\Realease from Charge.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪১.২০১৩-২০৭ তারিখঃ .০৬.১৪২১ বঙ্গাব্দ
২২.১০.২০১৪ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোহাম্মদ নুরুল হুদা তুহিন (কোড-১১১৩৭৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জামালগঞ্জ, সুনামগঞ্জ গত ২৪.১২.২০০৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে ২৭.০২.২০১৩ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে, এবং এই অবসান ডাঃ মোহাম্মদ নুরুল হুদা তুহিন (কোড-১১১৩৭৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ২৫.১২.২০০৮ তারিখ হতে কার্যকর হবে।

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হল।

২১.১০.১৪.
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪১.২০১৩-২০৭/১(৮) তারিখঃ ২২.১০.২০১৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
৩। উপ-সচিব (পার-২/পার-৩/পার-৫),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। সিভিল সার্জন, সুনামগঞ্জ
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। ডাঃ মোহাম্মদ নুরুল হুদা তুহিন (কোড-১১১৩৭৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জামালগঞ্জ, সুনামগঞ্জ ((স্থায়ী ও যোগাযোগ ঠিকানাঃ বাসা নং-১৫, রোড নং-২, চামেলীবাগ আ/এ, ইসলামপুর কোতয়ালী, সিলেট)

২২/১০/১৪
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nilas Document (Current-14)\Order (ND)\BSR-34 order.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৭.২০১৪- ৭৯০ তারিখঃ ১৬.১০.২০১৪ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ সৈয়দ মোহাম্মদ শমশের নাহিদ (১১১৭৯২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-সহকারী অধ্যাপক, সার্জারী বিভাগ, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

## অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ সৈয়দ মোহাম্মদ শমশের নাহিদ (১১১৭৯২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-সহকারী অধ্যাপক, সার্জারী বিভাগ, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজারকে আমেরিকায় বৈজ্ঞানিক প্রবন্ধ উপস্থাপনের নিমিত্ত ৩০(ত্রিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয় এবং আপনি গত ১৪.০৫.২০১৪ তারিখ কর্মস্থল ত্যাগ করেন;

যেহেতু, আপনি মঞ্জুরিকৃত বহিঃ বাংলাদেশ ছুটি ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ১৫.০৬.২০১৪ তারিখ হতে ১৫.০৭.২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে ১৬.০৭.২০১৪ তারিখে কর্মস্থলে যোগদান করেন;

যেহেতু, আপনার উপরিল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ সৈয়দ মোহাম্মদ শমশের নাহিদ (১১১৭৯২)
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
সংযুক্ত-সহকারী অধ্যাপক, সার্জারী বিভাগ, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার
(স্থায়ী ঠিকানাঃ- পিতা-মোবিন মিয়া, মহামনি, পাহাড়তলী, চট্টগ্রাম)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৭.২০১৪- ৭৯০/১ (৫) তারিখঃ ১৬.১০.২০১৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)
৩। অধ্যক্ষ, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
৪। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

F:\Nikos Document (Current-14)\Charge Frame(NI)\Charge Frame doc

অভিযোগ বিবরণী

ডাঃ সৈয়দ মোহাম্মদ শমশের নাহিদ (১১১৭৯২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-সহকারী অধ্যাপক, সার্জারী বিভাগ, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজারকে আমেরিকায় বৈজ্ঞানিক প্রবন্ধ উপস্থাপনের নিমিত্ত ৩০(ত্রিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি গত ১৪.০৫.২০১৪ তারিখ কর্মস্থল ত্যাগ করেন। তিনি মঞ্জুরিকৃত বহিঃ বাংলাদেশ ছুটি ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ১৫.০৬.২০১৪ তারিখ হতে ১৫.০৭.২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে ১৬.০৭.২০১৪ তারিখে কর্মস্থলে যোগদান করেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব